

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৯ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/০৩ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৪৩.১৬.২৬২—বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সফরকারী ইংল্যান্ড ক্রিকেট দলের বিরুক্তে বাংলাদেশে অনুষ্ঠিত ক্রিকেট টেস্ট সিরিজে ১-১ ম্যাচে ড্র করেছে। দুই টেস্ট ম্যাচের এই সিরিজের প্রথমটিতে চট্টগ্রামে ২২ রানে পরাজিত হলেও ঢাকায় অনুষ্ঠিত সিরিজের দ্বিতীয় ও শেষ টেস্টে ১০৮ রানের ঐতিহাসিক জয়ের মাধ্যমে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল এই গৌরব অর্জন করে। বাংলাদেশের মেহেন্দী হাসান মিরাজ ম্যান অব দ্য ম্যাচ এবং ম্যান অব দ্য সিরিজ নির্বাচিত হয়েছেন। তাঁর অভিষেকের এই টেস্ট সিরিজে মোট ১৯টি উইকেট সংগ্রহের মাধ্যমে তিনি দুই ম্যাচের টেস্ট সিরিজের বিগত ১২৯ বছরের রেকর্ড ভঙ্গ করেন।

২। এ সাফল্যে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়সহ এই আয়োজন-সংশ্লিষ্ট অন্যান্য সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে, ইংল্যান্ড ক্রিকেট দলের সফরকালে নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে এবং নিরলস ও একনিষ্ঠ অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ ক্রিকেট দল আগামীতেও কাঞ্চিত বিজয় অর্জন করে জাতির গৌরব বৃদ্ধি করবে মর্মে দৃঢ় আশাবাদ ব্যক্ত করে মন্ত্রিসভার ১৬ কার্তিক ১৪২৩/০১ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বিজয় ভট্টাচার্য

অতিরিক্ত সচিব

( ১৫৬৯৭ )  
মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঠাকুরঃ ১৬ কার্টিক ১৪২৩  
ঢাকা: ৩১ অক্টোবর ২০১৬

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সফরকারী ইংল্যান্ড ক্রিকেট দলের বিরুদ্ধে বাংলাদেশে অনুষ্ঠিত ক্রিকেট টেস্ট সিরিজে ১-১ ম্যাচে ড্র করেছে। দুই টেস্ট ম্যাচের এই সিরিজের প্রথমটিতে চট্টগ্রামে ২২ রানে পরাজিত হলেও ঢাকায় অনুষ্ঠিত সিরিজের দ্বিতীয় ও শেষ টেস্টে ১০৮ রানের ঐতিহাসিক জয়ের মাধ্যমে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল এই গৌরব অর্জন করে। বাংলাদেশের মেহেন্দী হাসান মিরাজ ম্যান অব দ্য ম্যাচ এবং ম্যান অব দ্য সিরিজ নির্বাচিত হয়েছেন। তাঁর অভিষেকের এই টেস্ট সিরিজে মোট ১৯টি উইকেট সংগ্রহের মাধ্যমে তিনি দুই ম্যাচের টেস্ট সিরিজের বিগত ১২৯ বছরের রেকর্ড ভঙ্গ করেন।

টেস্টের শৈর্ষপর্যায়ের ঐতিহ্যবাহী ইংল্যান্ড ক্রিকেট দলের বিরুদ্ধে এই বিজয় বাংলাদেশ ক্রিকেট দলের অবস্থানকে আন্তর্জাতিক ক্রীড়াজ্ঞানে আরও সুসংহত করেছে। এ অর্জন বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের ক্রিকেটকে এগিয়ে নিতে সমধিক অনুপ্রেরণা যোগাবে। এ বিজয় দেশে ক্রীড়াজ্ঞানের অব্যাহত উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত কর্মসূচির ফলপ্রসূতা প্রতিভাত করে।

মন্ত্রিসভা এ সাফল্যে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়সহ এই আয়োজন-সংশ্লিষ্ট অন্যান্য সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে। এছাড়া মন্ত্রিসভা ইংল্যান্ড ক্রিকেট দলের সফরকালে নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সকল সদস্যকে ধন্যবাদ জানাচ্ছে। নিরলস ও একনিষ্ঠ অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ ক্রিকেট দল আগামীতেও কাঞ্চিত বিজয় অর্জন করে জাতির গৌরব বৃদ্ধি করবে মর্মে মন্ত্রিসভা দৃঢ় আশাবাদ ব্যক্ত করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)